"ছেলে হোক, মেয়ে হোক

দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঝালকাঠি
fpo.jhalakathi.gov.bd

বিষয়: **বড়ইয়া UH&FWC পরিদর্শন প্রতিবেদন।**

পরিদর্শন প্রতিবেদন

অদ্য ১১/০১/২০২৩ খ্রি. তারিখ সকাল ৯.৩০ ঘটিকায় বড়ইয়া মডেল UH&FWC পরিদর্শন করি। পরিদর্শনকালে এসএসিএমও ও আয়াকে কেন্দ্রে উপস্থিত পাওয়া যায়। পরে FPI উপস্থিত হয়। পরিদর্শনকালীন সময়ে FWV অনুপস্থিত ছিলেন। ব্যবহারযোগ্য ( Usable) ও অব্যবহৃত (Unusable) মালামাল একত্রিত রেখে স্টোর পরিচালনা করা হয়।কেন্দ্রে SACMO/FWV কে ICR সংরক্ষণ করতে দেখা যায় না। এরফলে মালামালের সঠিক হিসাব পাওয়া কঠিন। স্টোরে প্রচুর পরিমান ঔষধ/এমএসআর মজুদ রয়েছে। দীর্ঘদিন যাবত অনেক এমএসআর স্টোরে সংরক্ষিত আছে বলে জানা যায়। তবে ব্যবহারের উদ্যোগ না নেয়ার ফলে অনেক এমএসআর নষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে। স্টোরে দেখা যায়, ২৩ আইটেমের ৬টি D&DS kit এর গায়ে জানুয়ারী/২৩ মেয়াদ লেখা দেখা যায়। মেয়াদ দেখে সকল ঔষধ ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। Normal Delivery Kit এর Sodium Chloride ৩ টি বক্সের গায়ে ফেব্রুয়ারি/২০২৩ মেয়াদ লেখা রয়েছ এবং Dextrose ৪ বক্সে এপ্রিল/২৩ পর্যন্ত মেয়াদ রয়েছে। স্টোর ব্যবস্থাপনার FEFO (First Expiry First Out) পলিসি অনুসরণ করে ঔষধ/এমএসআর ব্যবহারে উদ্যোগ গ্রহণ না করা হলে প্রচুর পরিমান ঔষধ/এমএসআর ব্যবহারের অনুপোযোগী হওয়ার সম্ভাবনা রয়েছে। পরিদর্শন রেজিস্টার থেকে জানা যায়, বিভাগীয় পরিচালক মহোদয় উক্ত কেন্দ্র পরিদর্শন করে ঔষধসমূহ মেয়াদোত্তীর্ন হওয়ার পূর্বেই ব্যবহার করার নির্দেশনা দিয়েছেন। সে নির্দেশনা অনুসরণ করতে কোন পদক্ষেপ নেয়া হয়েছে বলেও দৃশ্যমান হয়নি। মডেল কেন্দ্রে নরমাল ডেলিভারি সেবা প্রদান বৃদ্ধি করা হলে ঔষধ/এমএসআর যথাযথ ব্যবহার নিশ্চিত করা সহজ হবে।

পরামর্শঃ

১। SACMO/FWV কে স্টোর ব্যবস্থাপনার FEFO পলিসি অনুসরণ করে সেবা প্রদান। যথাযথ প্রক্রিয়ায় ICR সংরক্ষণ করা। এছাড়া নিয়মানুযায়ী D&DS kit খোলার সময়ে স্থানীয় জনপ্রতিনিধিকে সম্পৃক্ত করার ব্যবস্থা গ্রহণ।

২। SACMO কে UH&FWC পরিচালনা কমিটির সভা নিয়মিত করা।

৩। মডেল কেন্দ্রে নরমাল ডেলিভারি বৃদ্ধিতে দৃশ্যমান উদ্যোগ গ্রহণ করা।

৪। FPI কে ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটি এবং পাক্ষিক সভা নিয়মিত করা। সভায় নরমাল ডেলিভারি বৃদ্ধির বিষয়টি এজেন্ডাভূক্ত করা।

৫। SACMO/FWV/FPI এর অগ্রীম ভ্রমনসূচি দৃশ্যমান জায়গায় প্রদর্শনের ব্যবস্থা করা।

৬। SACMO/FWV/FPI কে কার্যক্রম দৃশ্যমান করণে ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করা।

৭। SACMO/FWV/FPI কে eMIS কার্যক্রমকে জোরদার করণে ব্যবস্থা গ্রহণ করা।

৮। SACMO কে স্কুল স্বাস্থ্য/ কেন্দ্র স্বাস্থ্য শিক্ষা আরো জোরদার করা।

৯। স্যাটেলাইট ক্লিনিক আরো সফলতার সাথে সংগঠনে সংশ্লিষ্ট FWV কে FPI/FWA এর সহায়তা বৃদ্ধি করা।

১০। ইউনিয়নের সকলের সহযোগিতায় বিশেষ ক্যাম্প আয়োজন করা।

১১। FPI কে আশ্রয়ন প্রকল্পে অগ্রাধিকার ভিত্তিতে PRS সম্পন্ন করে সেবা প্রদান নিশ্চিত করা।

১২। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিত করণে সকলকে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা।

১৩। কর্মস্থলে যথাসময়ে আগমন/প্রস্থান নিশ্চিত করা এবং নির্ধারিত পদধারীদের কর্মস্থলে অবস্থান পূর্বক সেবা প্রদান নিশ্চিত করা।

১১-১-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক
ফোন: 0498-63444
ইমেইল:
ddfpjhalakathi@gmail.com

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার ( এমসিএইচ-এফপি), রাজাপুর, ঝালকাঠি জেলা।

স্মারক নম্বর: ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২৩.১২

তারিখ: ২৭ পৌষ ১৪২৯
১১ জানুয়ারি ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি:
১) পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল।

১১-১-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক